

19

সারণী ১
বিভিন্ন পরিকল্পনায় ব্যয় বরাদ্দে শিক্ষার অবস্থান

পরিকল্পনা	মোট বরাদ্দ (কোটি টাকা)	শিক্ষা (কোটি টাকা)	অনুপাত (%)
১. প্রথম পঞ্চবার্ষিক ও দ্বি-বার্ষিক পরিকল্পনা যুক্তভাবে (১৯৭৩-৮০)	৫৪৩৩.০	২৫৮.৮৬	৪.৭৬
২. দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা (১৯৮০-৮৫)	১৬০৬০.০	৫০৯.৫১*	৩.১৭
৩. তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা (১৯৮৫-৯০)	৩৮৬০০.০	১১৮০.০	৩.০৫

* বর্নগহ

সূত্র : তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা দলিল ১৯৮৫ ও পরিসংখ্যান বর্ষ গ্রন্থ ১৯৮৫ থেকে তৈয়ারী।
২. স. বি. প. বি. ১৫

শিক্ষাখাতে বরাদ্দ ও স্কুলগামী ছাত্র-ছাত্রীর সংখ্যা

প্রথম পাঁচসালী পরিকল্পনার তুলনায় দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনায় এবং দ্বিতীয় পাঁচসালী পরিকল্পনার তুলনায় তৃতীয় পাঁচসালী পরিকল্পনায় মোট অর্থ বরাদ্দের পরিমাণ বৃদ্ধি পেলেও তার সাথে সঙ্গতি রক্ষা করে শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধি পায়নি। মোট বরাদ্দের তুলনায় শিক্ষাখাতে বরাদ্দ আনুপাতিক হারে কমান্বয়ে কমেছে যা সঙ্গে প্রদত্ত সারণী-১ থেকে স্পষ্ট হয়। অপরদিকে দেশে স্কুলগামী ছাত্র-ছাত্রীর সংখ্যা কমান্বয়ে বৃদ্ধি পেলেও যে হারে স্কুল বয়সী ছাত্র-ছাত্রীর সংখ্যা বেড়েছে সে তুলনায় বৃদ্ধি পায়নি। ১৯৭২-৭৫ সালে স্কুলগামী/স্কুলবয়সী ছেলেমেয়েদের অনুপাত ছিল যেখানে ৬৯.১ সেখানে ১৯৮৫ সালে তা কমে দাঁড়ায় ৬০.১-এ। সারণি ২-এ এর একটি চিত্র তুলে ধরা হলো।

সারণী ২

স্কুল বয়সী (৬-১০) ও স্কুলগামী ছেলেমেয়ের সংখ্যা (১৯৭২-৮৫)

বছর	স্কুল বয়সী ছেলেমেয়ে (হাজারে)	স্কুলগামী ছাত্র-ছাত্রী (হাজারে)	স্কুলগামী/স্কুল বয়সী অনুপাত (%)
১৯৭২-৭৪	১০,৫৯৬	৭,৩২০	৬৯.১
১৯৭৫-৭৯	১১,৮৪৮	৮,২৮০	৬৯.৯
১৯৮০-৮৩	১৩,৩৪৯	৮,৩৪০	৬২.৫
১৯৮৫	১৪,৮৩২	৮,৯২০	৬০.১

সূত্র : ১. বেনবেই প্রকাশনী

২. শিক্ষাখাত দলিল, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা (১৯৮৫)।

৩. স. বি. প. বি. ১৫